
# প্রোগ্রাম পরিকল্পনা




**ভূমিকা ঃ**
কোন কাজের সুষ্ঠু সমাপ্তি নির্ভর করে সম্পাদনের সুষ্ঠু পরিকল্পনার উপর। পরিকল্পনা যত সুচিন্তিত হবে কাজটি সম্পাদন সম্পর্কে তত নিশ্চিত হওয়া যাবে।

**পরিকল্পনা কি ঃ**
সুনির্দিষ্ট লক্ষ্যমাত্রা অর্জনে সময় এবং সম্পদের সুষ্ঠু ব্যবহারের ধারাবাহিক সুবিন্যাস্ত কর্মসূচীকে পরিকলপনা বলে। অন্য কথায় সুনির্দিষ্ট লক্ষ্যমাত্রা অর্জনে সময় ও সম্পদ যথার্থ ব্যবহার করে পর্যায়ক্রমে কার্যসম্পাদনের ধারাবাহিক রূপরেখাকে পরিকল্পনা বলে।

**প্রকার ভেদ ঃ**
পরিকল্পনা লিখিত এবং অলিখিত উভয়ভাবেই হয়ে থাকে, কিন্তু লিখিত পরিকল্পনা সর্বজন সমাদৃত। এরূপ লিখিত পরিকল্পনা কে তিনভাগে ভাগ করা যেতে পারে-

(১) স্বল্প মেয়াদী
(২) দীর্ঘ মেয়াদী
(৩) প্রেক্ষিত পরিকল্পনা।

### স্বল্প মেয়াদী পরিকল্পনা ঃ

স্বল্প সময়ে এবং ছোট আকারের কোন কাজ সম্পাদনের পরিকল্পনাকে স্বল্প মেয়াদী পরিকল্পনা বলে। এরূপ কাজের স্থায়িত্ব ১ ঘন্টা থেকে ১ বছর পর্যন্ত হয়ে থাকে।

### দীর্ঘ মেয়াদী পরিকল্পনা ঃ

১ বছর থেকে ৫ বছর সময়ব্যাপী পরিকল্পনাকে দীর্ঘ মেয়াদী পরিকল্পনা বলে।

### প্রেক্ষিত পরিকল্পনা ঃ

৫ বছর থেকে ২৫ বছর সময়কাল ব্যাপী কোন পরিকল্পনাকে প্রেক্ষিত পরিকল্পনা বলে।

### প্রোগ্রাম পরিকল্পনা

সফলভাবে একটি গ্রুপ পরিচালনা করতে হলে স্কাউটদের কাছে পরিকল্পিতভাবে প্রোগ্রাম উপস্থাপন করা অপরিহার্য। অভিজ্ঞতায় দেখা গেছে গ্রুপ কার্যক্রম পরিচালনায় সাধারণতঃ বছরের বায়ান্ন সপ্তাহের মধ্যে ৩২-৩৬ সপ্তাহ কাজে লাগানো যায়। সর্বাধিক এই সংখ্যা ৪০ হতে পারে। সাপ্তাহিক ক্রু/ট্রুপ মিটিং /প্যাক মিটিং-এর বিষয় সমূহ কি হবে তা পরিকল্পিতভাবে বছরের প্রারম্ভেই নির্ধারণ করা প্রয়োজন। এতদুদ্দেশ্যে বার্ষিক, ত্রৈমাসিক, মাসিক ও সাপ্তাহিক পরিকল্পনা প্রণয়নের কৌশল নিম্নে উল্লেখ করা হলো।

### প্রোগ্রাম পরিকল্পনা কৌশল

(১) পরিকল্পনা প্রণয়নের কাজ এমনভাবে সম্পন্ন করতে হবে যেন- যে মাস থেকে পরিকল্পনার কাজ আরম্ভ করা হবে তার একমাস আগেই পরিকল্পনাটি গ্রুপ কমিটির অনুমোদন লাভ করা যায়।

(২) পরিকল্পনা অনুমোদনের পরেই পরবর্তী ত্রৈমাসিক ও মাসিক পরিকল্পনা আরম্ভ করার প্রস্তুতি গ্রহণ করা যায়।

(৩) প্রথমে একটি সাদা কাগজে স্কাউটিং এর স্কীল বিষয়গুলি ক্রমানুসারে লিখুন। এবার তালিকাটি ভাল ভাবে লক্ষ্য করে দেখুন এই বিষয়গুলির মধ্যে কোন বিষয়ে সারা বছরে মোট কতটি সেশন প্রয়োজন হবে। বিষয় বস্তুর পাশে সংখ্যাবাচক/ অংকে লিখুন। এবার সেশনগুলির প্রয়োজনীয়তা অনুসারে মোট চার ভাগে ভাগ করুন এবং এগুলো নিম্নরূপ ভাবে বার্ষিক প্রোগ্রাম পরিকল্পনা ছকে সাজিয়ে ফেলুন।

# বার্ষিক কাব প্রোগ্রাম পরিকল্পনা
## (কাব স্কাউট)

| স্তর | ব্যবহারিক বিষয় স্কিল | তত্ত্বীয় | বিশেষ |
|---|---|---|---|
| সদস্য ব্যাজ | ওভারহেড গেরো ও স্কয়ার নো-১<br>বৃত্ত গঠন-১<br>থ্যাঙ্ক ইয়েল-১<br>ঘড়ি দেখে সময় বলতে পারা-১<br>বোতলে পানি ভরা-১<br>দড়ির কাজ-২ | প্রতিজ্ঞা, আইন, মটো ধর্মপালন, পথ চলার নিয়ম, জাতীয় সংগীত। | স্কাউটস ওন,গ্রুপ তাঁবুবাস, কাব হলিডে, কাব অভিযান, বি পি দিবস, শিক্ষা সফর, অভিভাবক দিবস, মাতৃভাষা দিবস, স্কাউট সাংস্কৃতিক সপ্তাহ, দলীয় সঞ্চয় অভিযান |
| তারা ব্যাজ | বোতাম লাগানো-১<br>পরিস্কার পরিচ্ছন্ন-১<br>খেলাধুলা-১<br>পতাকা -১<br>বিভিন্ন খেলা-২ | ধর্ম পালন<br>প্রার্থনা সংগীত | |
| চাঁদ ব্যাজ | দড়ির কাজ-১<br>জাতীয় পতাকা-২<br>প্রাথমিক প্রতিবিধান-১ | নিজ উপজেলা সম্পর্কে জানা | |
| চাঁদ তারা ব্যাজ | দড়ির কাজ-২<br>পতাকা উত্তোলনে সাহায্য করা-২<br>কি-পি পিটি-৩<br>মানচিত্র -১ | বাংলাদেশের ইতিহাস, সঞ্চয়ের অভ্যাস | |
| শাপলা কাব অ্যাওয়ার্ড | দড়ির কাজ-২<br>সংকেত-১<br>সাঁতার-১<br>খাবার স্যালাইন তৈরি-১<br>প্রাথমিক প্রতিবিধান-২ | সার্কভূক্ত দেশসমূহ সম্পর্কে জানা।<br>বাংলাদেশ সম্পর্কে ইংরেজী লেখা। | |

দেখা যাচ্ছে মোট স্কীল বিষয় ১৭টি এবং কোনটি সর্বোচ্চ ৩টি এবং সর্বনিম্ন ১টি করে প্যাক মিটিং ধরে ৩২টি বিষয় রয়েছে। এগুলি বৎসরের ৪টি কোয়ার্টারে ভাগ করা হয়েছে।

## ত্রৈমাসিক প্রোগ্রাম পরিকল্পনা (নমুনা)

| মাস | প্রোগ্রাম বিষয় (স্কীল) | তত্ত্বীয় | বিশেষ কার্যক্রম |
|---|---|---|---|
| জানুয়ারি | ওভারহেড গেরো ও স্কয়ার বোঁ-১ম<br>বৃত্ত গঠন-১ গ্রান্ড ইয়েল-২য়<br>ঘড়ি দেখে সময় বলতে পারা-৩য় | প্রতিজ্ঞা | ক্রীড়া প্রতিযোগিতা |
| ফেব্রুয়ারি | দড়ির কাজ-২<br>বোতাম লাগানো-১<br>খেলাধুলা-১ | আইন | মাতৃভাষা দিবস |
| মার্চ | পতাকা-১<br>প্রাথমিক প্রতিবিধান-১<br>খেলাধুলা-২ | জাতীয় সংগীত | বিজয় দিবস |

## মাসিক প্রোগ্রাম পরিকল্পনা (জানুয়ারি)

| সপ্তাহ | প্রোগ্রাম বিষয় (স্কীল) | তত্ত্বীয় | বিশেষ কার্যক্রম |
|---|---|---|---|
| ১ম সপ্তাহ | ওভারহেড গেরো ও স্কয়ার বোঁ-১ | প্রতিজ্ঞা | বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা |
| ২য় সপ্তাহ | বৃত্ত গঠন-১ | প্রতিজ্ঞা | বার্ষিক প্যাক ক্যাম্প |
| ৩য় সপ্তাহ | গ্রান্ড ইয়েল-১ | প্রতিজ্ঞা | |
| ৪র্থ সপ্তাহ | ঘড়ি দেখে সময় বলতে পারা-১ | প্রতিজ্ঞা | |

মাসিক প্রোগ্রাম পরিকল্পনাকালে যে মাসের পরিকল্পনা প্রণয়ন করা হচ্ছে ঐ মাসের ঘরে লিপিবদ্ধ বিষয়গুলি ৪ ভাগে ভাগ করে এক এক সপ্তাহে একটি করে বিষয় লিখতে হবে। অনুরূপভাবে বিশেষ কার্যাবলীর নির্ধারিত সপ্তাহে ঐ কার্যাবলীর নাম লিখতে হবে।

**স্কাউট স্কীল বিষয় এবং বিশেষ কার্যাবলীর নমুনা (স্কাউট ও রোভার) ঃ**

| ক্রমিক নং | স্কীল | বিশেষ কার্যাবলী |
|---|---|---|
| ১ | দড়ির কাজ - ৫ | স্বাধীনতা দিবস |
| ২ | প্রাথমিক প্রতিবিধান - ৫ | বিজয় দিবস |
| ৩ | বন কলা - ২ | মাতৃভাষা দিবস |
| ৪ | উদ্ধার কাজ - ৩ | ঈদ-ই-মিলাদুন নবী |
| ৫ | কম্পাস ও কম্পাসের ব্যবহার - ২ | বিদ্যালয়ের/প্রতিষ্ঠানের প্রতিষ্ঠা বার্ষিকী |
| ৬ | মানচিত্র অংকন ও পঠন - ২ | বিপি দিবস |
| ৭ | অনুসরণ চিহ্ন - ১ | বার্ষিক মিলাদ মাহফিল |
| ৮ | অনুমান - ৪ | বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা |
| ৯ | জাতীয় পতাকা - ১ | অভিভাবক দিবস ইত্যাদি |
| ১০ | স্কাউট পতাকা - ১ | স্কাউটস ওন |
| ১১ | ফিল্ড বুক তৈরী - ১ | গ্রুপ ক্যাম্প |
| ১২ | পাইওনিয়ারিং - ৪ | উপদল হাইক |
| ১৩ | গ্যাজেট তৈরী - ১ | প্যাট্রোল ক্যাম্প |
| ১৪ | হস্ত সংকেত - ১ | বি-পি-র মৃত্যু দিবস |
| ১৫ | বাঁশির সংকেত - ১ | |
| ১৬ | বি-পি, পিটি - ৩ | |
| | মোট = **৩৭ টি** | |

## বার্ষিক প্রোগ্রাম পরিকল্পনা

| কোয়ার্টার | প্রোগ্রাম বিষয় (স্কীল) | বিশেষ কার্যাবলী |
|---|---|---|
| ১ম কোয়ার্টার | দড়ির কাজ - ১, দড়ির কাজ - ২, প্রাথমিক প্রতিবিধান -১, প্রাথমিক প্রতিবিধান -২, বনকলা - ১, অনুমান-১, জাতীয় পতাকা, পাইওনিয়ারিং - ১, বিপি পিটি - ১, স্কাউট পতাকা - ১ | বিজয় দিবস, মাতৃভাষা দিবস, বিপি দিবস,ক্রীড়া প্রতিযোগিতা গ্রুপ ক্যাম্প |
| ২য় কোয়ার্টার | দড়ির কাজ - ৩, প্রাথমিক প্রতিবিধান -৩, প্রাথমিক প্রতিবিধান -৪ , বনকলা - ২, উদ্ধার কাজ - ১, কম্পাস - ১, কম্পাস -২, অনুমান-২, ফিল্ড বুক-১, পাইওনিয়ারিং - ২, বিপি পিটি -২, কোড সাইফার-১ | উপদলের হাইক, স্কাউট ওন |
| ৩য় কোয়ার্টার | দড়ির কাজ - ৪ , দড়ির কাজ- ৫, উদ্ধার কাজ- ২, মানচিত্র -১, মানচিত্র-২, অনুমান-৩, পাইওনিয়ারিং - ৩, গ্যাজেট, বিপি পিটি - ৩ , কোড সাইফার - ২ | অভিভাবক দিবস উপদল হাইক |
| ৪র্থ কোয়ার্টার | প্রাথমিক প্রতিবিধান -৫, উদ্ধার - ৩, অনুমান - ৪, পাইওনিয়ারিং- ৪, হস্ত সংকেত-৪, দড়ির কাজ- ৬ | স্বাধীনতা দিবস স্কাউট ওন |

দেখা যাচ্ছে মোট স্কীল বিষয় ১৬টি এবং কোনটি সর্বোচ্চ ৫টি এবং সর্বনিম্ম ১টি করে প্যাক/ট্রিপ/ক্রু মিটিং ধরে সর্বমোট ৩৭টি বিষয় পাওয়া গেছে। এগুলি চারটি কোয়ার্টারে ভাগ করে সাজানো হয়েছে।

## ত্রৈমাসিক প্রোগ্রাম পরিকল্পনা

| মাস | প্রোগ্রাম বিষয় (স্কীল) | বিশেষ কার্যাবলী |
|---|---|---|
| জানুয়ারী | দড়ির কাজ - ১, প্রাথমিক প্রতিবিধান -১, অনুমান-১ এবং বনকলা -১ | বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা |
| ফেব্রুয়ারী | দড়ির কাজ - ২, প্রাথমিক প্রতিবিধান -২, অনুমান-২ এবং বিপি পিটি -১ | মাতৃভাষা দিবস বিপি দিবস |
| মার্চ | জাতীয় পতাকা পাইওনিয়ারিং - ১ স্কাউট পতাকা-১, কোর্ড সাইফার ট ১ | গ্রুপ ক্যাম্প |

যে কোয়ার্টারের জন্য এই ত্রৈমাসিক পরিকল্পনাটি প্রনয়ন করা হচ্ছে বার্ষিক পরিকল্পনার ঐ কোয়াটারের কলামে লিপিবদ্ধ বিষয়গুলি সমান তিন ভাগে ভাগ করে তিন মাসের ঘরে এক এক ভাগ লিপিবদ্ধ করতে হবে। বিশেষ কার্যাবলীর ঘরে যে মাসে ঐ কার্যাবলী অনুষ্ঠিত হবে ঐ মাসের ঘরে তা রাখতে হবে।

**মাসিক প্রোগ্রাম পরিকল্পনা ঃ**

| সপ্তাহ | প্রোগ্রাম বিষয় (স্কীল) | বিশেষ কার্যাবলী |
|---|---|---|
| ১ম সপ্তাহ | দড়ির কাজ - ১ | |
| ২য় সপ্তাহ | প্রাথমিক প্রতিবিধান -১ | |
| ৩য় সপ্তাহ | অনুমান | |
| ৪র্থ সপ্তাহ | বনকলা | |

মাসিক প্রোগ্রাম পরিকল্পনা প্রণয়নকালে যে মাসের পরিকল্পনা প্রণয়ন করা হচ্ছে ঐ মাসের ঘরে লিপিবদ্ধ বিষয়গুলি ৪ ভাগে ভাগ করে এক এক সপ্তাহের ঘরে একটি করে বিষয় লিখতে হবে। অনুরূপভাবে বিশেষ কার্যাবলীর নির্ধারিত সপ্তাহে ঐকার্যাবলীর নাম লিখতে হবে।

**সাপ্তাহিক প্রোগ্রাম ঃ**

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | |
| সময় | ঃ | |
| স্থান | ঃ | |
| কার্যকাল | ঃ | |

| বিষয় | উপস্থাপনায়/ পরিচালনায় | প্রয়োজনীয় উপকরণ | উপকরণ সংগ্রহের দায়িত্বে | মন্তব্য |
|---|---|---|---|---|
| দড়ির কাজ | উপদল নেতাগণ/রোভার মেটগণ/ইউনিট লিডার, গ্রুপ স্কাউট লিডার | রশি - জনপ্রতি একটি | প্রত্যেক সদস্য | |

ইউনিট লিডার /
গ্রুপ স্কাউট লিডার

যে সপ্তাহের জন্য পরিকল্পনা প্রণয়ন করা হবে ঐ সপ্তাহের আগের সপ্তাহেই সাপ্তাহিক পরিকল্পনার চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। (যেন অন্ততঃ ৭ দিন সময় হাতে পাওয়া যায়) এই সময়ের মধ্যে উপস্থাপকের প্রস্তুতিমূলক কাজ (প্রশিক্ষণ) উপকরণ সংগ্রহ ইত্যাদি যথাযথভাবে সম্পাদন করা যায়।

প্রোগ্রাম পরিকল্পনা বাস্তবায়ন করতে গিয়ে দেখা যাবে কোন একটি ক্রু/ট্রুপ/প্যাক মিটিং এর দিন খারাপ আবহাওয়া, প্রতিকূল পরিস্থিতি, পরীক্ষা, সামাজিক / ধর্মীয় / রাষ্ট্রিয় অনুষ্ঠান এর কারণে যেকোন একটি ক্রু/ট্রুপ/প্যাক মিটিং অনুষ্ঠান করা সম্ভব হলোনা, সে ক্ষেত্রে নির্ধারিত ঐ বিষয়টি পরবর্তিতে যে ট্রুপ/প্যাক মিটিং হবে ঐ দিন সেই বিষয় উপস্থাপিত হবে। সেক্ষেত্র অন্যান্য ক্রু/ট্রুপ/প্যাক মিটিং এর বিষয়গুলিরও পরিবর্তন ঘটবে। এভাবে দেখা যাবে যে কয়টি ক্রু/ট্রুপ/প্যাক মিটিং বাধাগ্রস্থ হয়েছে ঐ কয়টি শেষ ভাগের বিষয় বাদ যাবে।